যুগান্তর
তারিখ 07 DEC 2008
পৃষ্ঠা ৬ কলাম ৬

# দেশের ২৪২৯টি মাধ্যমিক স্কুলে মুক্তিযুদ্ধের বই দিচ্ছে সরকার

## সংরক্ষণ বিতরণ ও পঠন নিশ্চিতেও নেয়া হচ্ছে ব্যবস্থা

মুসতাক আহমদ

দেশের প্রায় আড়াই হাজার মাধ্যমিক স্কুলের জন্য সরকার মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংবলিত বই কেনার সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে 'বাংলাদেশে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের' ২ হাজার ৩১৭ সেট ইতিমধ্যে কেনা হয়েছে। বাকি বই চলতি মাসের মধ্যে কিনে তা সব স্কুলে পৌঁছানো হবে। প্রত্যন্ত গ্রামাঞ্চলের স্কুলে এসব বই যাতে সঠিকভাবে সংরক্ষণ, বিতরণ ও পঠিত হয়, সে লক্ষ্যে প্রত্যেক স্কুলে একটি করে রুম বরাদ্দের পাশাপাশি একজন শিক্ষকে বিশেষভাবে দায়িত্ব দেয়া হবে। যেসব স্কুলে লাইব্রেরি নেই, সেসব স্কুলে একটি করে রুম নির্মাণের পাশাপাশি আলমারিসহ অন্যান্য আসবাবপত্র দেয়া হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, ১১ নভেম্বর শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে। বই কেনার জন্য সরকার মন্ত্রণালয়েরই অন্য একটি প্রকল্প থেকে প্রয়োজনীয় অর্থও নেবে। সিদ্ধান্ত অনুযায়ী হাসান হাফিজুর রহমান সম্পাদিত ১৫ খণ্ডের 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র' এবং বাংলাদেশ সেনাবাহিনী সম্পাদিত 'বাংলাদেশের মুক্তিযুদ্ধ (৭খণ্ড)' কেনা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ৫২০ কোটি টাকা ব্যয়ে 'নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন

বই : পৃষ্ঠা ২ : কলাম ৮

## বই : মুক্তিযুদ্ধের

(৩য় পৃষ্ঠার পর) (সরকারি ও বেসরকারি) দ্বিতীয় সংশোধিত প্রকল্প' বাস্তবায়নাধীন রয়েছে। গত ১১ বছর ধরে চলছে প্রকল্পটির কার্যক্রম। একাধিকবার প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির পর চলতি বছরই শেষ হচ্ছে এর কার্যক্রম। এ প্রকল্পটি দেশের সব (৩১৭টি) সরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং ২ হাজার ১১২টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সহ মোট ২ হাজার ৪২৯টি প্রতিষ্ঠানে কার্যকর হচ্ছে। প্রকল্পটির অধীনে প্রতিষ্ঠানের জন্য ভূমি অধিগ্রহণ, ভবন নির্মাণ, আসবাবপত্র-বৈজ্ঞানিক ও অফিস যন্ত্রপাতি-বইপুস্তক-কম্পিউটার-যানবাহন ক্রয় এবং শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম রয়েছে। এগুলোর মধ্যে শিক্ষক প্রশিক্ষণ এবং কেনাকাটা পর্ব আংশিক সম্পন্ন হয়েছে। বই কেনা বাবদ ইতিমধ্যে চলতি বছরের জুন পর্যন্ত ৯ কোটি ৩২ লাখ ৪ হাজার টাকা ব্যয় হয়েছে। জানা গেছে, এই কেনা বইয়ের মধ্যেই হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র' বইয়ের ২ হাজার ৩১৭ সেট রয়েছে। যা এখনও বিতরণ করা হয়নি।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান, তাদের প্রকল্পভুক্ত মোট ২ হাজার ৪২৯টি স্কুলের মধ্যে সরকারি ৩১৭টি স্কুল ছাড়া বাকিগুলোর অধিকাংশে লাইব্রেরি, লাইব্রেরিয়ান, আলমারি এবং পড়ার চেয়ার-টেবিল নেই। এ অবস্থায় স্কুলগুলোতে বই দেয়া সম্ভব নয়। কেননা মূল্যবান বইগুলো নষ্ট হয়ে যাবে। তাই নতুন করে কক্ষ নির্মাণ ও আসবাবপত্র ক্রয়ের মতো সিদ্ধান্তও নিতে হয়েছে।